রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৬, ২০১৭

## ৩য় খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ পৌষ ১৪২৩/২৯ ডিসেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৪০.১৯.০৭১.১৬-৩৬৩**—রাশিয়ার মস্কোতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা শাখায় এনসিও (স্টেনো ) হিসেবে কর্মরত নং-২৬০১৫৭৯ সার্জেন্ট ( স্টেনো ) মোহাম্মদ উল্যা, এসিসি-এর চাকুরির মেয়াদ আগামী ২৬ এপ্রিল ২০১৭ তারিখে শেষ হবে। এ কারণে তাকে স্বদেশ প্রত্যাবর্তনপূর্বক তাঁর স্থলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে কর্মরত নং-৪০৩৯০১১ সার্জেন্ট (স্টেনো ) মোঃ ইমাম হাসানুজ্জামান, এসিসি-কে নিম্ন লিখিত শর্তে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হল :—

(ক) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, যাতায়াত এবং ব্যক্তিগত মালামাল পরিবহন ও আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন ;

(খ) এ বদলি সংক্রান্ত ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২০১৬-২০১৭ অর্থ বৎসরের "প্রতিষ্ঠান কোড-১৯৩৫ আন্ত:বাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০, প্রতিরক্ষা অ্যাটাচী খাত" থেকে নির্বাহ করা হবে;

(গ) আউটফিট ও বদলী মঞ্জুরি বাংলাদেশ সেনাবাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রাপ্য হবেন;

(ঘ) বিদেশে চাকরিকালে বাংলাদেশ সেনাবাহিনীতে তাঁর চাকরিস্বত্ব বহাল থাকবে;

(ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম গ্রহণ করলে ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে; এবং

(চ) কর্মরত নং-৪০৩৯০১১ সার্জেন্ট (স্টেনো) মোঃ ইমাম হাসানুজ্জামান, এসিসি সপরিবারে (স্ত্রী-সাজেদা হোসেন) রাশিয়ার মস্কো গমন করতে পারবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**শাহ্‌নাজ রব**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৮ পৌষ ১৪২৩/০১ জানুয়ারি ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৪০.১৯.০৭১.১৬-০১**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত এয়ার কমডোর এস এম শাহনেওয়াজ, বিপিপি, এনডিসি, পিএসসি, (বিডি/৭৯১২), জিডি(এন)-কে রাশিয়ার মস্কোতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো।

(ক) তিনি উক্ত পদে নিয়োজিত থাকাকালীন মিনিস্টার পদের কূটনৈতিক পদমর্যাদা ভোগ করবেন :—

(খ) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন ;

(গ) এ নিয়োগ সংক্রান্ত ব্যয় ডিজিএফআই-এর ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেটের প্রতিষ্ঠান কোড-১৯৩৫ আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০, প্রতিরক্ষা এ্যাটাচী খাত থেকে নির্বাহ হবে;

(ঘ) প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে তাঁর চাকরি বাংলাদেশ বিমান বাহিনীতে বহাল থাকবে;

(ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম অর্থ গ্রহণ করা হলে তা ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে।

(চ) এয়ার কমডোর এস এম শাহনেওয়াজ, বিপিপি, এনডিসি, পিএসসি, (বিডি/৭৯১২), জিডি(এন) সপরিবারে (স্ত্রী মিসেস সাবেরা নেওয়াজ, পুত্র-তাহসিন নেওয়াজ ও কন্যা-ফাইরুজ শাহানা এবং গৃহভৃত্য/গৃহপরিচারিকা) রাশিয়ার মস্কো গমন করতে পারবেন।

(ছ) গৃহভৃত্য সঙ্গে নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২১ পৌষ ১৪২৩/০৪ জানুয়ারি ২০১৭

**নং ২৩.০০.০০.০০০০.১৪০.১৯.১০৩.১৬-০৩**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত মালয়েশিয়ার কুয়ালালামপুরে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনের প্রতিরক্ষা উপদেষ্টা এয়ার কমডোর মোঃ হুমায়ুন কবীর, বিএসপি, এনডিসি, পিএসসি, (বিডি/৭৯৬১), জিডি(পি)-কে একইসঙ্গে অনাবাসিক ভিত্তিতে ব্রুনাই-এর প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ—

(ক) প্রতিরক্ষা উপদেষ্টা সস্ত্রীক বছরে এক/দু'বার সংশ্লিষ্ট দেশে ভ্রমণ করতে পারবেন;

(খ) প্রচলিত নিয়ম অনুযায়ী তিনি ভ্রমণ ব্যয় বাবদ বিমানভাড়া ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন;

(গ) এ ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের প্রতিষ্ঠান কোড-১৯৩৫, আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড নম্বর-০০৯০ প্রতিরক্ষা এ্যাটাচী খাত থেকে নির্বাহ হবে;

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্নাজ রব**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৫ পৌষ ১৪২৩/২৯ ডিসেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৪০.১৩-৪৩৩**—বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-২৮৭৮ মেজর জেনারেল মঈন উদ্দিন-এর চাকরি জনস্বার্থে ১ জানুয়ারি ২০১৭ তারিখ (অপরাহ্ণ) থেকে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১ (এক) বছর বর্ধিত করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ, ২০ পৌষ ১৪২৩/০৩ জানুয়ারি ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.১২.১৪৭.১৫-০৩**—প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নিম্নবর্ণিত ২(দুই) জন দশম গ্রেডের কর্মচারীকে তাঁদের নামের পাশে উল্লিখিত বাহিনী সদর দপ্তরসমূহ ও আন্তঃবাহিনী সংস্থাসমূহের সাংগঠনিক কাঠামোভুক্ত সহকারী পরিচালক (পূর্বের পদনাম সিভিলিয়ান স্টাফ অফিসার-৩) পদে এবং বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ | পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | জনাব এম আব্দুর রহিম ভূঁইয়া, অধীক্ষক ব্যক্তিগত নম্বর ৬০৩৯ | সহকারী পরিচালক | টাকা ২২০০০—৫৩০৬০ ও নবম গ্রেড |
| ২ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম অধীক্ষক ব্যক্তিগত নম্বর ৬০৫৩ | সহকারী পরিচালক | টাকা ২২০০০—৫৩০৬০ ও নবম গ্রেড |

২। `The Armed Forces Headquarters Civilian Officers Recruitmant Rules, 1982'-এর ৬(১)(বি) বিধি অনুযায়ী উল্লিখিত কর্মচারীগণ যোগদানের তারিখ থেকে ১(এক) বছর শিক্ষানবিস হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিসকাল অনধিক ২(দুই) বছর বৃদ্ধি করতে পারবেন।

৩। শিক্ষানবিসকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদেরকে পূর্বতন পদে পদাবনতি (Revert) করতে পারবেন।

৪। সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ০৬(ছয়) নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

৫। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

তারিখ, ২৬ পৌষ ১৪২৩/০৯ জানুয়ারি ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৩৬.১২-০৬**—বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুলস্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(ডি), ২৬১ এবং সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২-এর ১(এ), ৩(এ) এবং এস. আর. ও নম্বর ৩২৯/আইন/২০১৩, তারিখ ২০ অক্টোবর ২০১৩ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৫৮৮ লে. কর্নেল মোঃ ফরিদুল আলম, পিএসসি, এসি-কে বর্তমান পদবিতে চাকরিসীমা শেষে (বয়সসীমা অতিক্রমণের পূর্বে) সেনাবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হল ।

২। প্রচলিত বিধি অনুযায়ী কর্মকর্তা অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.০৫১.১৪-০৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৮৪০৪ ক্যাপ্টেন মোঃ ইমরান হোসেন, ইএমই-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট রুলস্ ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হল ।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২২ পৌষ ১৪২৩/০৫ জানুয়ারি ২০১৭

**নং প্রম/স্বাঃঅঃ-২/১১/ডি-৭/০৫**—বাংলাদেশ বিমান বাহিনীর গ্রুপ ক্যাপ্টেন এম কে জাকির হাসান, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮২৮৮), এডিডব্লিউসি-কে বিমান বাহিনী এ্যাক্ট রুল-২৪(৫) অনুযায়ী অবসর প্রদান করা হলো।

২। প্রচলিত বিধি অনুযায়ী তিনি সুবিধাদি প্রাপ্য হবেন।

**নং প্রম/স্বাঃঅঃ-১/১২/ডি-৭/০৬**—বাংলাদেশ বিমান বাহিনীর ফ্লাইং অফিসার তারিন আহমেদ জামান (বিডি/৯৫৪৪), ইঞ্জি-কে অনুপযুক্ততাজনিত কারণে বিমান বাহিনী এ্যাক্ট রুল-১৯৫৭ এর ১৮ (২) বিধি অনুযায়ী তাঁকে বাধ্যতামূলক অবসর প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং প্রম/মিস্ট/চা-অ/০৯/ডি-৭/০৭**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)-এর উপ-সহকারী প্রকৌশলী (ল্যাব) জনাব মোঃ আব্দুল্লাহ আল কবির (ব্যক্তিগত নম্বর ২০৯১৩)-কে তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁকে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

**নং প্রম/মিস্ট/চা-অ/০৯/ডি-৭/০৮**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)-এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বেসামরিক শিক্ষক প্রভাষক জনাব মোঃ শামছুদ্দোহা (ব্যক্তিগত নম্বর ১০৬০৮)-কে তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁকে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

**নং প্রম/বাসকা/স্থায়ী/১৪/ডি-৭/০৯**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার সহকারী পার্সোনেল অফিসার, মোঃ মামুনুর রশিদ (১৯৯২) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সম্পন্ন করায় তাঁকে ২ নভেম্বর ২০১৪ তারিখ থেকে চাকরিতে স্থায়ী করা হলো।

তারিখ, ১৫ পৌষ ১৪২৩/২৯ ডিসেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.০৭০.১২.০০৫.১৫/৫৩৬**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ সমরাস্ত্র কারখানার সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত ১(এক) জন পার্সোনেল অফিসার (৯ম গ্রেড) এবং ১(এক) জন উপসহকারী প্রকৌশলী (১০ম গ্রেড)-কে যথাক্রমে সহকারী ব্যবস্থাপক এবং সহকারী প্রকৌশলী পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটির সভার সুপারিশের পরিপ্রেক্ষিতে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত পদে বর্ণিত শর্ত সাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | ব্যক্তিগত নম্বর, পদবি ও নাম | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বেতনস্কেল ও গ্রেড |
|---|---|---|---|
| ১ | ব্যক্তিগত নম্বর ১০৯৬, পার্সোনেল অফিসার বেলাল হুসাইন | সহকারী ব্যবস্থাপক | ২৩০০০—৫৫৪৭০ (৮ম গ্রেড) |
| ২ | ব্যক্তিগত নম্বর ১০৬৭, উপসহকারী প্রকৌশলী মোঃ রমজান আলী | সহকারী প্রকৌশলী | ২২০০০—৫৩০৬০(৯ম গ্রেড) |

**শর্তাবলীঃ—**

(ক) বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ অনুযায়ী কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য শিক্ষানবিস হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকাল এরূপ সম্প্রসারণ করতে পারবেন, যাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বছরের অধিক না হয়।

(খ) শিক্ষানবিস থাকাকালে তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কোন কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ তাঁকে পূর্বপদে প্রত্যাবর্তন করাতে পারেন।

(গ) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে শেষ হওয়ার পর নিয়োগ বিধিমালার ৬(৪) বিধানমতে তাঁদেরকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং প্রম/স্বা:অ:-১/১৩/ডি-৭/৫৩৭**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত কর্মচারীগণকে বিমান বাহিনী এ্যাক্ট রুল-২৪(১) অনুযায়ী চাকরির বয়সসীমা শেষে এবং বিমান বাহিনী নির্দেশিকা ১/২০০১ অনুযায়ী স্বল্পমেয়াদী কমিশন শেষে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ থেকে অবসর প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মচারীর নাম ও পদবি | জন্ম তারিখ | কমিশনের তারিখ | LPR-এ গমনের তারিখ | LPR শেষ হওয়ার তারিখ | অবসরের তারিখ | চাকরির বয়সসীমা | জমাকৃত ছুটির পরিমাণ | মঞ্জুরকৃত LPR-এর ছুটি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ্রুপ ক্যাপ্টেন মোঃ রফিকুল ইসলাম (বিডি/৭৭৪৭),শিক্ষা(অব:) | ১৬-১০-১৯৬০ | ১২-০৭-১৯৮৪ | ১৫-১০-২০১৫ | ০৫-১০-২০১৬ | ০৬-১০-২০১৬ | ৫৫ | ১৩১৫ | ৩৫৭ |
| ২ | উইং কমান্ডার মোহাম্মদ হাফিজুল ইসলাম (বিডি/৮৩২১), ইঞ্জি (এলপিআর) | ০১-০১-১৯৬৫ | ০২-০৭-১৯৮৯ | ৩১-১২-২০১৫ | ২৩-১২-২০১৬ | ২৪-১২-২০১৬ | ৫১ | ১০৯৫ | ৩৫৯ |
| ৩ | স্কোয়াড্রন লীডার মোহাম্মদ খালিদ বিন সালাম, (বিডি/৮৮৮০), জিডি(পি) (এলপিআর) | ০২-০২-১৯৮১ | ২৭-০৫-২০০১ | ২৬-০৫-২০১৬ | ২৪-১১-২০১৬ | ২৫-১১-২০১৬ | ১৫ | ৫৭৭ | ১৮৩ |

২। প্রচলিত বিধি অনুযায়ী তাঁরা পেনশন ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ পৌষ ১৪২৩/২৯ ডিসেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.০১০.৬২.০০৬.১৬/৩৮১**—সেনাসদরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সেনাবাহিনীর ৩য় শর্ট সার্ভিস কমিশন (এসএসসি) স্পেশাল কোর্স ইঞ্জিনিয়ার্স/সিগন্যালস/ইএমই-এর ক্যাপ্টেন পদে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ৩১ মার্চ ২০১৬ তারিখে জারীকৃত ১ক-১/৯৬/ডি-১/অংশ-৪/১১০ সংখ্যক প্রজ্ঞাপনের ৪ নম্বর ক্রমিকে বর্ণিত কর্মকর্তার নাম বিএসএস-৯১১৫ ক্যাপ্টেন "রাইসুল মোস্তফা সজীব", ইঞ্জিনিয়ার্স-এর পরিবর্তে বিএসএস-৯১১৫ ক্যাপ্টেন "মোঃ রাইসুল মোস্তফা সজীব", ইঞ্জিনিয়ার্স হিসাবে সংশোধন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ জাহাঙ্গীর কবীর**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ পৌষ ১৪২৩/৪ জনুয়ারি ২০১৭

**নং ২৩.০০.০০০০.০৪০.১২.০৬১.০৭.০৯**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের নিম্নোক্ত কর্মচারীকে তাঁর নামের বিপরীতে বর্ণিত পদে এবং বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হল:

| ক্রমিক নং | কর্মচারীর নাম | বর্তমান পদের নাম ও গ্রেড | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম, জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | জনাব মোঃ আজিজুর রহমান | সহকারী পরিচালক টাকা ৩৫৫০০—৬৭০১০ (ষষ্ঠ গ্রেড) (সিলিকশন গ্রেড পেয়ে ৫ম গ্রেড) (৪৩০০০—৬৯৮৫০) | উপ-পরিচালক টাকা ৪৩০০০—৬৯৮৫০ (৫ম গ্রেড) |

২। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের নিয়োগবিধি ১৯৮৪-এর ৬ (১) (বি) বিধি অনুযায়ী উল্লিখিত ষষ্ঠ গ্রেডের কর্মচারী যোগদানের তারিখ থেকে ১(এক) বছর শিক্ষানবিস হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিসকাল অনধিক ২(দুই) বছর করতে পারবে।

৩। শিক্ষানবিসকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বতন পদে প্রত্যাবর্তন (Revert) করতে পারবে।

৪। সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ৬ (৪) নম্বর বিধিতে উল্লিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিম বানু**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ পৌষ ১৪২৩/২৯ ডিসেম্বর ২০১৬

**নং প্রম/৪এমই-৯/স্থায়ী/২০১৩/ডি-১২/৪৭১**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত কর্মকর্তা এমইএস-এর নিয়োগবিধি এসপিএও ২০/৬৪ এ বর্ণিত সকল শর্ত পূরণ করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ অক্টোবর ১৯৯০ তারিখের এস, আর, ও নম্বর ৩৪৩/আইন/৯০/সম(বিধি-৪) আর আর-৩/৯০ অনুযায়ী তাঁর চাকরি বর্তমান পদে যোগদানের তারিখ থেকে স্থায়ী করা হল ঃ

| ক্রমিক নং | নাম, বর্তমান পদবি ও ব্যক্তিগত নম্বর | বর্তমান পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১ | মোছাঃ আয়শা ছিদ্দীকা, সহকারী প্রকৌশলী বি/আর ব্যক্তিগত নম্বর ৮০২৪৪ | ১৮-০৭-২০১৩ | ১৮-০৭-২০১৩ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**
সহকারী সচিব।